শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

# রাজা দায়ূদ
# (ভাগ ১)

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Lazarus; Alastair Paterson

অভিযোজন: Ruth Klassen

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা
যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

যুবক দায়ূদ পলাতক ছিলেন। রাজা শৌল তাকে হত্যা করতে চাইছিল। দায়ূদ প্রান্তরে এক বিরাট গহ্বরে চারশো অনুগামী নিয়ে বাস করতে লাগল।



কখনও কখনও রাজা শৌলেরর সৈন্যরা তাদের প্রায় পেয়ে গিয়েছিল, কিন্তু দায়ূদ পালিয়ে বেড়াচ্ছিল।

শৌলের চাকর রাজাকে বলল যে, পুরোহিতই দায়ূদকে পালাতে সাহায্য করেছে। শৌল তাদের হত্যা করার আদেশ দিল। কিন্তু একমাত্র দোয়েগ এই কাজ করতে চাইল! সে তরবারি নিয়ে পঁচাশি পুরোহিতকে এবং তাদের পরিবারকে হত্যা করল। এটা একটা জঘন্য কাজ ছিল।

একদিন শৌল
দায়ূদকে খুঁজছিল ও
ঠিক যেখানে দায়ূদ
ও তার লোকরা
লুকিয়েছিল, সেখান
দিয়ে বেরিয়ে গেল।
শৌল একা ছিল!

গুরায় দায়ূদ সহজে
শৌলকে হত্যা
করতে পারত।
এর পরিবর্তে
সে শৌলের

কাছে এল ও তার ছুরি দিয়ে
শৌলের জামার কাপড় কেটে নিল।

শৌল বেরিয়ে যাওয়ার
পর, দায়ূদ তাকে
ডেকে বলল,
“তোমার কাপড়ের
কিছুটা কেটে

নিয়েছি, কিন্তু তোমাকে
হত্যা করিনি, জান ও দেখ
যে, তোমার জন্য আমার
কোনও খারাপ ইচ্ছা নেই।”

শৌল বলল, দায়ূদকে কষ্ট দেওয়ার জন্য সে দুঃখিত। কিন্তু শীঘ্রই তার পুরানো রাগ বেরিয়ে এল ও তিন হাজার সৈন্যকে দায়ূদকে হত্যা করতে পাঠালেন। এক রাতে যখন সৈন্যরা ঘুমিয়ে পড়েছিল, দায়ূদ ও তার এক সৈন্য অবীশয় রাজা শৌলের শোওয়ার ঘরে ঢুকে পড়ল, যেখানে শৌল ঘুমাচ্ছিল।

অবীশয় ফিসফিস করে বলল, “ঈশ্বর আজকের দিনে তোমার শত্রুকে তোমার হাতে তুলে দিয়েছেন। দয়া করে আমাকে একবারের জন্য বর্শা নিয়ে আঘাত করতে দাও, আমি দ্বিতীয়বার আঘাত করব না।”

দায়ূদ তা করতে বারণ করলেন।
শৌলের বর্শা ও মগ নিয়ে তারা
তাঁবু থেকে বেরিয়ে গেল।
পাহাড়ের রাস্তার ধারে দায়ূদ
চিৎকার করতে লাগল, যতক্ষণ না
শৌল শুনতে পায়।

আর একবার শৌল দেখল য, দায়ূদ তাকে হত্যা করতে পারত, কিন্তু করেনি। আর একবার শৌল বলল, দায়ূদকে হত্যার চেষ্টা করার জন্য সে দুঃখিত। কিন্তু দায়ূদ শৌলের কথায় বিশ্বাস করল না।

এইসময় শমূয়েল মারা গেল। তিনি ভাববাদী ছিলেন, যাকে ঈশ্বর শৌলকে অভিষিক্ত করতে বলেছিলেন। তারপর দায়ূদ ইস্রায়েলের রাজা হয়। পলেস্টীয়রা যখন ইস্রায়েলকে আক্রমণ করল, শৌল এক অদ্ভুত কাণ্ড করেছিল, যা ঈশ্বর তাকে করতে বারণ করেছিলেন।

শৌল একটি মহিলাকে আদেশ দিল, শমূয়েলকে কবর থেকে ডাকতে। সেই রাতে শৌল একটি বার্তা পেল।

"… ঈশ্বর তোমার মধ্যে দিয়ে চলে গেছেন ও তোমার শত্রু হয়েছেন … ঈশ্বর তোমার হাত থেকে তোমার রাজ্য নিয়ে টুকরো টুকরো করেছেন এবং তোমার প্রতিবেশি দায়ূদকে দিয়েছন।

আগামীকাল তুমি ও তোমার পুত্ররা আমার সাথে থাকবে।” ঈশ্বর ইস্রায়েলের সৈন্যদেরকে পলেস্টীয়দের হাতে দেবেন। যখন শৌল এই কথা শুনল, সে ভয়ে পড়ে গেল।

পলেস্টীয়রা ইস্রায়েলের বিরুদ্ধে লড়াই করল এবং ঈশ্বরের লোকেরা পালিয়ে গেল। পলেস্টীয়রা দায়ূদের প্রিয় বন্ধু যোনাথনসহ শৌলের পুত্রদের হত্যা করল।

শৌল তীরের আঘাতে খুব বাজেভাবে আহত হল। সে তার বর্মবাহককে বলল, “তোমার তরবারি বার করে আমাকে হত্যা কর, পাছে ঐ দুষ্ট লোকরা এসে আমাকে গালাগাল দেয় ও মারে।” কিন্তু বর্মবাহক তা করবে না, কারণ সে খুব ভয় পেয়েছিল। সুতরাং, শৌল একটি তরবারি নিলেন ও তার উপর পড়লেন।



শৌল ও তার পুত্রদের দেহ খুঁজে পাওয়া গেল। পলেস্টীয়রা ইস্রায়েলীয়দের অধিকৃত শহরের দেওয়ালে দেহগুলি টাঙ্গিয়ে দিয়েছিল।



কিছু সাহসী ইস্রায়েলীয়
তাদের দেহগুলি উদ্ধার
করল। দেহগুলিকে
বাড়িতে নিয়ে অন্যদের
কবর দেওয়ার আগেই
সেগুলো পুড়িয়ে দিল।

দায়ূদ যখন এই ভয়ানক খবরটি পেল, সে দুঃখ পেল ও কাঁদল। শৌল, তার পুত্র যোনাথন ও ঈশ্বরের লোকদের জন্য সন্ধ্যাকাল পর্যন্ত সে অনাহারে থাকল, কারণ তারা তরবারির দ্বারা নিহত হয়েছিল।

যদিও শৌল দায়ূদকে হত্যা করার চেষ্টা করেছিল, কিন্তু দায়ূদ শৌলকে ঈশ্বরের একজন অভিষিক্ত ব্যক্তি বলে শেষ পর্যন্ত সম্মান করত। এখন ঈশ্বর দায়ূদকে সম্মান করলেন, শৌলের জায়গায় তাকে রাজা করলেন।

রাজা দায়ূদ (ভাগ ১)

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

১শমূয়েল ২৪-৩১; ২শমূয়েল ১-২

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন,
তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!
যোহন ৩:১৬